
bengalioldsongs.in



তালাত মাহ্‌মুদ

কণ্ঠ-মাধুর্যে সবার প্রিয় শিল্পী এবার ছন্দ-মাধুর্যে ভরা দু'খানি আধুনিক গান উপহার দিলেন, যার খুসীর আমেজ ছড়িয়ে পড়বে—ঝর্ণা-ধারার মত।

তালাত মাহ্‌মুদ

**Talat Mahmood**

কথা ঃ—শ্যামল গুপ্ত　　　　সুর ঃ—কানু ঘোষ

**GE 24974** এই তো বেশ—এই নদীর তীরে
সে কোন শাওনী মেঘ

( ১ )

এই তো বেশ এই নদীর তীরে বসে
গান শোনা
একটি দু'টি কথা একটু মাঝে মাঝে
আনমনা ॥
হয়তো হাত লেগে পড়েছে খোঁপা থেকে
ফুল ঝরে'
হয়তো তাই তুমি ভাসিয়ে দিলে জলে
ভুল করে'
আকাশে বাঁকা ঐ সোনালী মেঘে মেঘে
আল্‌পনা ॥

বটের ছায়াটুকু কখন হয়ে গেছে
আরো নিবিড়
কখন গাছে গাছে অলস পাখীদের
জমেছে ভীড়।
খুশীর আলো জাগা এমন ভালো লাগা
এই ক্ষণে
এখন কত রাত বুঝিতা কারো আর
নেই মনে,
চলেছে দু'জনের হাসির রঙে রঙে
জাল বোনা ॥*

( ২ )

সে কোন্ শাওনী মেঘ
কাজল এ'কেছে দু'টি আঁখির কোলে,
কোন্ সে যূথির কলি তোমার হাসিতে
আজ পাঁপড়ি খোলে ॥

দীঘল কেশে কাঁপে
কোন্ সে দীঘির ঘন শীতল ছায়া
হৃদয় ঘিরে কোন্ বন-কেতকীর
মধু সুরভি মায়া—
দু'কূল ভাঙানো কোন্ বন্যা ধারার
ঢেউ অঙ্গে দোলে ॥

কোন্ সে বাদল গান
তোমার খুশীর ঐ একতারাতে
মনের ময়ূর আজ পেখম তুলে
যার ছন্দে মাতে।
তোমার ও রূপ কোন্ ঘির বিজুরীর
সেই ঝলক লেগে
প্রাণের আবেগে আরো অপরূপ
হয়ে আজ উঠলো জেগে,
চপল হাওয়ার কোন্ নূপুর বাজিয়ে
তুমি যাও যে চলে ॥*